# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩** | **তৃতীয় অধ্যায়:** কুরআন ও হাদিস শিক্ষা | পাঠ-১<br>(আল-কুরআনের পরিচয়)<br><br>পাঠ-২<br>(কুরআন তিলাওয়াত)<br><br>পাঠ-৩<br>(তাজবিদ)<br><br>পাঠ-৪<br>(মাখরাজ)<br><br>পাঠ-৫<br>(সূরাআল-ফাতিহা) | তোমার বাড়ির দুইজন সদস্যকে সূরাআল-ফাতিহা অর্থসহ তিলাওয়াত করতে দাও এবং তাজবিদ পর্যবেক্ষণ কর, ভুল চিহ্নিত করে শুদ্ধরুপ কী হবে তার পরামর্শসহ একটি প্রতিবেদন তৈরি কর। | • মাখরাজ ও সিফাত চিহ্নিতকরণ<br>• আল- ফাতিহার বাংলা অর্থের ধারাবহিকতা<br>• শুদ্ধরুপের পরামর্শ প্রদান (প্রয়োজন অনুসারে)<br>• কাজটি সম্পাদন করতে কী কী সমস্যায় পড়েছ তা চিহ্নিতকরণ<br>• কাজটি সম্পাদন করতে কী কী শিখেছ তা উল্লেখকরণ<br>• বিষয় শিক্ষক/ মাতাপিতা /ধর্মীয় জ্ঞানসম্পন্ন ব্যক্তিদের সাথে আলোচনা/সহায়ক বইপুস্তক/ ইন্টারনেটের সহযোগিতা গ্রহণ | **অতি উত্তম:**<br>• তাজবিদ পর্যবেক্ষণ ও পরিপূর্ণ পরামর্শ প্রদান<br>• উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>• তাজবিদ পর্যবেক্ষণ ও অধিকংশ ক্ষেত্রে পরামর্শ প্রদান<br>• উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>• তাজবিদ পর্যবেক্ষণ ও আংশিক পরামর্শ প্রদান<br>• উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>• তাজবিদ পর্যবেক্ষণ ও পরামর্শ প্রদানের অভাব<br>• উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | **তৃতীয় অধ্যায়:**<br>প্রথম পরিচ্ছেদ: হিন্দুধর্মের স্বরূপ | ১ম পরিচ্ছদ-<br>পাঠ ১: সনাতন ও হিন্দুধর্মে ধারণা<br>১ম পরিচ্ছদ-<br>পাঠ ২: হিন্দু ধর্মে উৎপত্তির ইতিহাস<br>২য় পরিচ্ছদ-<br>পাঠ ১: ধর্ম বিশ্বাস ও ভক্তি<br>২য় পরিচ্ছদ-<br>পাঠ ২ ও ৩: গুরুজনে ভক্তি ও ভক্তির উপায় | 'বিদ্যা অর্জনের জন্য পূজার চেয়ে বেশি প্রয়োজন নিজের প্রচেষ্টা' উপরের বিষয়ে বিতর্কের একটি পক্ষের ও একটি বিপক্ষের স্ক্রীপ্ট লিখ। | বিতর্কের নিয়ম জেনে পক্ষের ও বিপক্ষের দুটি লেখা তৈরী কর। | **অতি উত্তম:**<br>১. পরিষ্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তুর প্রাসঙ্গিকতা ও পক্ষে এবং বিপক্ষের যুক্তি উদাহরনসহ উপস্থাপন<br>৩. যুক্তি প্রমান উপস্থাপনায় নিজস্বতা<br><br>**উত্তম:**<br>১. পরিষ্কার ও সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তুর প্রাসঙ্গিকতা ও পক্ষে এবং বিপক্ষের যুক্তি উদাহরন ছাড়া উপস্থাপন<br>৩.যুক্তি ও প্রমান উপস্থাপনায় নিজস্বতা<br><br>**ভালো:**<br>১. সহজবোধ্য ভাষায় উপস্থাপন<br>২. বিষয়বস্তুতে প্রাসঙ্গিকতা রয়েছে তবে কিছু অপ্রাসঙ্গিক কথাও রয়েছে এবং উদাহরন নেই<br>৩. যুক্তি ও প্রমান উপস্থাপনায় নিজস্বতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. ভাষা পরিষ্কার ও সহজবোধ্য নয়<br>২. বিষয়বস্তুতে যুক্তি উপস্থাপনা নেই, মূলত অপ্রাসঙ্গিক<br>৩. উপস্থাপনায় নিজস্বতা নেই |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: কৃষি শিক্ষা**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৩ | **দ্বিতীয় অধ্যায়: কৃষি প্রযুক্তি ও যন্ত্রপাতি** | পাঠ ১:<br>কৃষি প্রযুক্তির ধারণা<br>পাঠ ২:<br>কৃষি প্রযুক্তির ব্যবহার<br>পাঠ ৩:<br>কৃষি যন্ত্রপাতির ধারণা<br>পাঠ ৪:<br>হস্তচালিত কৃষি যন্ত্রপাতির ব্যবহার<br>পাঠ ৫:<br>শক্তিচালিত কৃষি যন্ত্রপাতির ব্যবহার<br>পাঠ ৬:<br>ভালো বীজ বাছাইকরণ<br>পাঠ ৭:<br>কাঁচা ঘাস সংরক্ষণ<br>পাঠ ৮:<br>খাঁচায় মাছ চাষ<br>পাঠ ৯:<br>ফসল উৎপাদনের স্থানীয় কৃষি যন্ত্রপাতি ও ব্যবহার<br>পাঠ ১০:<br>মাছ ধরার স্থানীয় যন্ত্রপাতি ও ব্যবহার | বাংলাদেশের জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। বাড়তি মানুষের খাদ্য চাহিদাপূরণের জন্য নতুন প্রযুক্তি উদ্ভাবিত হচ্ছে। বদরপুর গ্রামের কৃষি সমাবেশে কৃষিবিদ ড. হাসান ফসল উৎপাদন, গৃহপালিত প্রাণী পালন, মৎস্য চাষ ও বনায়নের উপর নানা ধরনের কৃষি প্রযুক্তির ধারণা ব্যক্ত করেন। তুমি কী মনে কর কৃষি প্রযুক্তিগুলো ব্যবহার করে বাংলাদেশের কৃষি উন্নয়ন সম্ভব?<br><br>নিচের প্রশ্নগুলোর উত্তরের মাধ্যমে তোমার মতামত উপস্থাপন কর।<br>১। কৃষি প্রযুক্তি কী?<br>২। কৃষি প্রযুক্তির বিষয়গুলো কী কী?<br>৩। বিষয়ভিত্তিক কৃষি প্রযুক্তিগুলোর তালিকা তৈরি কর।<br>৪। জমি চাষ না করে কীভাবে তুমি দানা জাতীয় ফসল চাষ করবে?<br>৫। বিদ্যুৎবিহীন গ্রামীণ পরিবেশে একজন কৃষক কীভাবে ডিম সংরক্ষণ করবে?<br>৬। বন্যা মৌসুমে হাওর এলাকায় তুমি কোন প্রযুক্তিতে মাছ চাষ করবে এবং কেন?<br>৭। তুমি গবাদি পশুর একটি ফার্ম করতে চাইলে শীত মৌসুমে পশুগুলোর জন্য কীভাবে কাঁচাঘাসের অভাব পুরণ করবে? | ১. শিক্ষার্থীরা দ্বিতীয় অধ্যায়ের পাঠ ১, ২, ৭ ও ৮ এর আলোকে কৃষি প্রযুক্তিগুলো শনাক্ত করবে এবং এগুলো সম্পর্কে ধারণা নিবে।<br>২. শিক্ষার্থীরা ইন্টারনেটের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের চেষ্টা করবে।<br>৩. শিক্ষার্থীরা নিজ পরিবারের সদস্যদের সাথে আলোচনা করে কৃষি প্রযুক্তিগুলো সম্পর্কে জানবে<br>৪. নিজ বাড়িতে বিদ্যমান প্রযুক্তিগুলোর ব্যবহার/ উপযোগিতা সম্পর্কে জানবে।<br>৫. কোনো তথ্য উৎস থেকে অবিকল (হুবহু) কোনো তথ্য লিখে অ্যাসাইনমেন্ট জমা দেয়া যাবে না।<br>৬. নির্ধারিত সময়ের মধ্যে অ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।<br>৭. শিক্ষার্থীদের নিজ হাতে অ্যাসাইনমেন্ট লিখতে হবে।<br>৮. শিক্ষার্থীদেরকে তাদের পিতামাতা, ভাইবোন, আত্মীয়স্বজন, শিক্ষকগণ লিখে দিলে তা বাতিল হবে।<br>৯. যে কোনো কাগজ ব্যবহার করা যাবে।<br>১০. ১ম পৃষ্ঠায় নাম, শ্রেণি, রোল, বিষয়, অ্যাসাইনমেন্টের শিরোনাম স্পস্টভাবে লিখতে হবে। | **অতি উত্তম:**<br>১. সঠিকভাবে ৭টি প্রশ্নের উত্তর লিখতে পারলে<br>২. প্রশ্নগুলোর উত্তর পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ থাকলে<br>৩.লেখায় লক্ষ্যণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে<br><br>**উত্তম:**<br>১. অধিকাংশ (৫/৬টি) প্রশ্নের উত্তর সঠিকভাবে লিখতে পারলে<br>২. প্রশ্নগুলোর উত্তর অধিকাংশক্ষেত্রেই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ থাকলে<br>৩. লেখায় আংশিকমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে<br><br>**ভালো:**<br>১. কমপক্ষে (৩/৪টি) প্রশ্নের উত্তর সঠিকভাবে লিখতে পারলে<br>২. প্রশ্নগুলোর উত্তর পাঠ্যপুস্তকের সাথে আংশিক সংগতিপূর্ণ থাকলে<br>৩. লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. কোনো প্রশ্নের উত্তরই সঠিকভাবে লিখতে না পারলে<br>২. প্রশ্নগুলোর উত্তরে পাঠ্যপুস্তকের সাথে সংগতির অভাব থাকলে<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত থাকলে |